যুগান্তর

JUL 15 2002

পত্রিকা ... ... ... ... ... ... ...
পৃঃ ... কলাম ...

# প্রশাসনে আরও রদবদল ও চুক্তিভিত্তিক নিয়োগ

যুগান্তর রিপোর্ট

প্রশাসনে রদবদল ও চুক্তিভিত্তিক নিয়োগ অব্যাহত রয়েছে। গতকাল রোববার উপানুষ্ঠানিক শিক্ষা অধিদফতরের মহাপরিচালক একেএম দেলওয়ার

প্রশাসনে : পৃষ্ঠা ১৫ কলাম ৭

## প্রশাসনে : রদবদল

(শেষ পৃষ্ঠার পর)

হোসেনকে তথ্য মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব হিসাবে নিয়োগ দেয়া হয়েছে। প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের অধীন প্রাইমারি ছাত্রদের বৃত্তি প্রদান প্রকল্পের পরিচালক একেএম মাহবুবুল আলমকে প্রাথমিক শিক্ষার জন্য উপবৃত্তি প্রকল্পের পরিচালক পদে প্রেষণে নিয়োগ করা হয়েছে। শিক্ষার জন্য খাদ্য কর্মসূচি প্রকল্পের পরিচালক মোঃ আবদুল মান্নানকে সংস্থাপন মন্ত্রণালয়ে ওএসডি করা হয়েছে। উপানুষ্ঠানিক শিক্ষা প্রকল্প-২ এর প্রকল্প পরিচালক বিবেকানন্দ পাণ্ডেকে বাণিজ্য মন্ত্রণালয়ে যুগ্মসচিব হিসাবে বদলির আদেশাধীন মোহাম্মদ বোরহান উদ্দীনকে সংস্থাপন মন্ত্রণালয়ে ওএসডি করা হয়েছে। এদিকে বিসিএস প্রশাসন ক্যাডারের সদস্য ও অবসরপ্রাপ্ত অতিরিক্ত সচিব মোঃ আবদুল কাদের মিঞাকে বিসিএস প্রশাসন একাডেমির মহাপরিচালক পদে এক বছরের জন্য চুক্তিভিত্তিক নিয়োগ দেয়া হয়েছে। জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতালের সাবেক অধ্যাপক ও পরিচালক ডা. মোঃ জালালউদ্দিনকে ভূতাপেক্ষভাবে জাতীয় হৃদরোগ ও হাসপাতালের অধ্যক্ষ ও পরিচালক পদে চুক্তিভিত্তিক নিয়োগ দেয়া হয়েছে।